

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৫৬.২৩ নথির বিষয়: Repair & maintenance of water Main line at Salauddin School pump Compound and cleaning bushes, rubbish & other substances at Kutubkhali-1, Merajnagr-1, Merajnagar-2, East Mohammadbagh and Salauddin School water Pump Compound under MODS Zone-7, Dhaka WASA.

নোট: ১ নোটের বিষয়: Repair & maintenance of water Main line at Salauddin School pump Compound and cleaning bushes, rubbish & other substances at Kutubkhali-1, Merajnagr-1, Merajnagar-2, East Mohammadbagh and Salauddin School water Pump Compound under MODS Zone-7, Dhaka WASA.

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১১/৯/২৩ ১:২৬ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর সালাউদ্দিন স্কুল পানির পাম্পের পানির লাইন লিকেজ প্রচুর পরিমাণ পানি অপচয় হচ্ছে মর্মে অত্র এলাকার অধিবাসীগণ অভিযোগ করেন। সেপ্রেক্ষিতে সরেজমিনে সহকারী প্রকৌশলীসহ সাইট পরিদর্শন করা হয়। সাইট পরিদর্শনকালে দেখা যায় যে, পাম্পের ডেলিভারী লাইন হতে সরবরাহ নেটওয়ার্ক এর সংযোগ এ লিকেজ হয়ে পাম্প কম্পাউন্ডে গর্তের সৃষ্টি হয়েছে এবং কম্পাউন্ডে পানি জমে থাকে। বিভিন্ন কারনে পাম্প ড্রপ দিয়ে পাম্প বন্ধ হয়ে গেলে ব্যাক প্রেসারে বিভিন্ন রকমের ময়লা এবং বালি নেটওয়ার্কে প্রবেশ করে যার ফলে এলাকাবাসী মাঝে মাঝে বালি যুক্ত পানি পায়। এছাড়া ডেঙ্গু রোগের প্রধান বাহক এডিস মশার জন্ম এমন জমে থাকা স্বচ্ছ পানিতে হয়। উল্লেখ্য যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বিভিন্ন বাসা-বাড়ি, প্রতিষ্ঠানসহ বিভিন্ন স্থানে ডেঙ্গু বিরোধী অভিযান পরিচালনা করছে এবং কোথাও এডিস মশার উৎস পেলে জরিমানার আওতায় আনছে। সে প্রেক্ষিতে সংশ্লিষ্ট এলাকায় স্বাভাবিক পানি সরবরাহ করার লক্ষ্যে অত্র জোনের আওতাধীন সালাউদ্দিন স্কুল পানির পাম্প কম্পাউন্ডে সৃষ্ট পানির লাইন লিকেজ মেরামতকরণ করা প্রয়োজন। এছাড়া কুতুবখালী-১, মেরাজনগর-১, মেরাজনগর-২, পূর্ব মোহাম্মদবাগ এবং সালাউদ্দিন পানির পাম্প কম্পাউন্ডে বৃষ্টিপাতের ফলে আগাছা এবং ঝোপ ঝাড়ের সৃষ্টি হয়েছে। পাম্প কম্পাউন্ডে ঝোপ-ঝাড় থাকার কারনে মশার উপদ্রব বেশী হয়, যা দ্রুত পরিষ্কার করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১১/৯/২৩ ১:২৯ অপরাহ্ন

আলোচ্য কাজটি সম্পাদন করার লক্ষ্যে ঢাকা ওয়াসার রেট সিডিউল এবং অত্র জোনের পূর্বানুমোদিত দরের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনটিতে সর্বমোট প্রক্লিলিত মূল্য দাড়িয়েছে বাবদ টাঃ ৪৯,৪২৮.৮৭৪ (উনপঞ্চাশ হাজার চারশত আটশ দশমিক আট সাত চার) টাকা মাত্র (সংযুক্তি: প্রাক্কলন সদয় দ্রষ্টব্য)। উল্লেখ্য যে, আলোচ্য কাজের জন্য ব্যবহৃত পিভিসি পাইপ বিভাগীয় উপ-ভান্ডার হতে সরবরাহ করা হবে। বর্ণিত কাজের ব্যয়ভার চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি-১৩.৫৩ (পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত) হতে নির্বাহ করা হবে (সংযুক্তি: অনুমোদিত ক্রয়-পরিকল্পনার সদয় দ্রষ্টব্য)।


সংযুক্তিসমূহ (৫):

- ১। অনুমোদিত ক্রয়-পরিকল্পনার।
- ২। ঠিকাদারী প্রতিষ্ঠানের প্রয়োজনীয় কাগজপত্র।
- ৩। পূর্বানুমোদিত দর।
- ৪। প্রাক্কলন।
- ৫। প্রতিবেদন।


অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১১/৯/২৩ ১:৩০ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ এবং অনুচ্ছেদ ১.১ প্রেক্ষিতে "Repair & maintenance of water Main line at Salauddin School pump Compound and cleaning bushes, rubbish & other substances at Kutubkhali-1, Merajnagr-1, Merajnagar-2, East Mohammadbagh and Salauddin School water Pump Compound under MODS Zone-7, Dhaka WASA" শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি জরুরি বিধায় পিপিআর-২০০৮ এর ৭৬ বিধির ১(ট) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স আরশি এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে প্রাক্কলনে পেশকৃত সর্বমোট টাঃ ৪৯,৪২৮.৮৭৪ (উনপঞ্চাশ হাজার চারশত আটশ দশমিক আট সাত চার) টাকা মাত্র **দরপত্র মূল্যের** সদয় অনুমোদন করা যেতে পারে।
উল্লেখ্য যে, আলোচ্য কাজের অনুমোদনের বিষয়টি প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।



১১/৯/২৩ ১:৩৭ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১১/৯/২৩ ১:৪৭ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



১১/৯/২৩ ২:৪১ অপরাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



১২/৯/২৩ ৫:৪৮ অপরাহ্ন
মোঃ আব্দুল মজিদ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

১২/৯/২৩ ৫:৪৮ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখঃ ১৪/৯/২৩ ৭:৪৬ পূর্বাহ্ন


অনুমোদিত



১৪/৯/২৩ ৭:৪৬ পূর্বাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



১৪/৯/২৩ ১০:৪১ পূর্বাহ্ন
মোঃ লিমন মিয়া
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৭



১৪/৯/২৩ ১:১১ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

১৪/৯/২৩ ১:১১ অপরাহ্ন
সদ্বীপ সূত্রধর
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা